# Times Today BD

আজিজুল ইসলাম বারী | জেলার খবর | 20 June, 2025

লালমনিরহাটের পাটগ্রাম উপজেলায় পিকআপের সাথে মুখোমুখি সংঘর্ষে  অনিক মিয়া (২৫) নামে এক মোটর সাইকেল আরোহীত নিহত ও  অপরজন আহত হয়েছেন।

শুক্রবার (২০জুন) দুপুরে লালমনিরহাট-বুড়িমারী মহাসড়কের পাটগ্রাম পৌরসভার মির্জারকোট এলাকায় এ দুর্ঘটনা ঘটে।তিনি ওই এলাকার একরামুল হকের ছেলে।

পুলিশ ও প্রত্যক্ষদর্শীরা জানান, মোটর সাইকেলে একজনকে সাথে নিয়ে পাটগ্রাম শহরের দিকে যাচ্ছিলেন অনিক মিয়া।ঘটনাস্থলে পৌছলে বিপরীত দিক থেকে আসা একটি পিকাআপ ভ্যানের মুখোমুখি সংঘর্ষ হয়। এতে ঘটনাস্থলেই অনিকের মৃত্যু হয়। মোটর সাইকেল থাকা অপরজন ছিটকে পড়ে গুরুতর আহত হন। স্থানীয়রা আহতকে দ্রুত উদ্ধার করে প্রথমে পাটগ্রাম উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে পরে রংপুর মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করে।

বড়খাতা হাইওয়ে থানা ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আবু সাঈদ চৌধুরী  বলেন, ঘটনাস্থলে অনিক মিয়া নামে একজন নিহত হয়েছেন এবং অপর একজনকে  আহত অবস্থায় রংপুর মেডিকেল কলেজ হাসপাতালে পাঠানো হয়েছে।

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 21 June, 2025 00:07

URL: https://timestodaybd.com/countrywide/8963363507